

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৯.২০.১১৫৮

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭
০৪ নভেম্বর ২০২০

বিষয়: চিকিৎসা বর্জ্যের নিরাপদ ব্যবস্থাপনা এবং এ বিষয়ে সিটি কর্পোরেশন/ পৌরসভাসমূহের সাথে কর্মসমন্বয়-বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : এ বিভাগের স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৯.২০-১০৯২, তারিখ ১৯ অক্টোবর ২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চিকিৎসা বর্জ্যের নিরাপদ ব্যবস্থাপনা এবং এ বিষয়ে সিটি কর্পোরেশন/ পৌরসভাসমূহের সাথে কর্মসমন্বয় সম্পর্কে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে গত ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় (কার্যবিবরণী সংযুক্ত):

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯-এর ধারা ১১২ অনুযায়ী সিটি কর্পোরেশন এলাকায় কোনো প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার, প্যারামেডিকেল ইনস্টিটিউট ইত্যাদি স্থাপনের লক্ষ্যে কর্পোরেশনের নিবন্ধন গ্রহণের পূর্বে চিকিৎসা বর্জ্যের নিরাপদ ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।	১. স্বাস্থ্য সেবা বিভাগ ২. সিটি কর্পোরেশন (সকল) ৩. পৌরসভা (সকল)
২.২	সকল সরকারি-বেসরকারি হাসপাতাল/ ক্লিনিক বা ডায়াগনস্টিক সেন্টারে আধুনিক পদ্ধতিতে নিজস্ব চিকিৎসা বর্জ্যের Disposal অথবা বর্জ্যকে নিরাপদ (secure) করার প্রযুক্তিগত ব্যবস্থাপনা থাকতে হবে। কোনো অনিরাপদ বর্জ্য সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক সংগ্রহ বা Disposal করা হবে না। অমান্যকারী হাসপাতাল/ ক্লিনিকসমূহের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।	১. স্বাস্থ্য সেবা বিভাগ ২. সিটি কর্পোরেশন (সকল) ৩. পৌরসভা (সকল)
২.৩	সারাদেশে সরকারি-বেসরকারি হাসপাতাল/ক্লিনিকসমূহে চিকিৎসা বর্জ্যের নিরাপদ ব্যবস্থাপনার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক কী ব্যবস্থা অনুসরণ করা হয় এবং এ ব্যবস্থাপনা কীভাবে মনিটরিং করা হয়, এ সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য ও জনবল কাঠামোসহ প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।	স্বাস্থ্য সেবা বিভাগ

২। উল্লিখিত সিদ্ধান্ত অনুসরণে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
- ৩। মেয়র, পৌরসভা (সকল)

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

- ১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব (পৌর-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[সকল পৌরসভায় পত্রটি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল]
- ৪। উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।